NEW YORK STATE | Department of Health

হেয়ার সেলুন এবং বার্বার শপের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা
COVID-19 জন স্বাস্থ্য সঙ্কটের সময়

আপনি এই নথিটি পরে আপনি নীচে নিশ্চিত করতে পারেন।

15 জুন 2020 এর হিসেবে

উদ্দেশ্য

COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার সময় হেয়ার স্যালন এবং বার্বারশপগুলির জন্য এই অন্তর্বর্তীকালীন নির্দেশিকা ("হেয়ার স্যালন এবং বার্বারশপগুলির জন্য অন্তর্বর্তীকালীন COVID-19 নির্দেশিকা") তৈরি করা হয়েছে যাতে হেয়ার স্যালন এবং বার্বারশপগুলি পুনরায় খোলার পর হেয়ার স্যালন এবং বার্বারশপের মালিক/পরিচালক এবং তাদের কর্মী এবং ঠিকাদারদের মধ্যে COVID-19 ছড়িয়ে পড়া থেকে রক্ষা করার জন্য সতর্কতা প্রদান করা যায়।

এই নির্দেশিকা শুধুমাত্র চুলের পরিষেবা ব্যবসা, যেমন হেয়ার স্যালন, বার্বারশপ, এবং অন্যান্য অনুরূপ চুলের পরিষেবা ব্যবসার ক্ষেত্রে প্রযোজ্য। এই নির্দেশিকা নেইল স্যালন, ট্যাটু পার্লার, বা অন্য ব্যক্তিগত যত্ন পরিষেবা বা কার্যকলাপ যা চুল কাটার সাথে সম্পর্কিত নয়, তাদের ক্ষেত্রে প্রযোজ্য নয়, যাতে অন্তর্ভুক্ত রয়েছে কিন্তু সীমাবদ্ধ নয়: দাড়ি ছাঁটা, নাকের চুল ছাঁটা, ফেশিয়াল, ম্যানিকিউর/পেডিকিউর, মেকআপ করা, থ্রেডিং, টুইজিং, বা ওয়াক্সিং।

এই নির্দেশিকাগুলি কেবলমাত্র ন্যূনতম প্রয়োজনীয়তা এবং নিয়োগকর্তা অতিরিক্ত সতর্কতা এবং নিষেধাজ্ঞা জারি করতে পারেন। এই নির্দেশিকা রাজ্যের পুনরায় চালু হওয়ার দ্বিতীয় পর্যায়ের সময় সর্বাধিক পরিচিত জনস্বাস্থ্যের অনুশীলনের উপর ভিত্তি করে তৈরি করা, এবং যে দলিলের উপর এই নির্দেশিকা ভিত্তি করে তা ঘন ঘন পরিবর্তিত হতে পারে এবং হয়ে থাকে। দায়বদ্ধ পক্ষগুলি - যেমন নীচে সংজ্ঞায়িত করা হয়েছে – হেয়ার স্যালন এবং বার্বারশপগুলির সাথে সম্পর্কিত সকল স্থানীয়, রাজ্যের এবং যুক্তরাষ্ট্রীয় প্রয়োজনীয়তা মেনে চলার জন্য দায়ী। এছাড়াও দায়বদ্ধ পক্ষগুলি এই প্রয়োজনীয়তার যে কোনো আপডেটের সাথে বর্তমান থাকার জন্য দায়ী, সেই সাথে যে কোনো হেয়ার স্যালন এবং বার্বারশপের কার্যক্রম নিরাপত্তা পরিকল্পনায় এগুলি অন্তর্ভুক্ত করার জন্য।

পটভূমি

7ই মার্চ, 2020 তারিখে, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো COVID-19 এর পরিপ্রেক্ষিতে একটি জরুরি অবস্থা ঘোষণা করে নির্বাহী আদেশ 202 জারি করেছিলেন। সমগ্র নিউইয়র্ক জুড়ে COVID-19 এর কমিউনিটি ট্রান্সমিশন ঘটেছে। আরো ছড়িয়ে পড়া হ্রাস করতে, যেখানে সম্ভব, ব্যক্তিদের মধ্যে অবশ্যই অন্তত ছয় ফুটের সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে।

19 মার্চ, 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.7 জারি করলেন, যার অধীনে সকল বার্বারশপ, হেয়ার স্যালন, ট্যাটু বা পিয়ার্সিং পার্লার এবং এইরূপ ব্যক্তিগত যত্ন পরিষেবাদিকে পরবর্তী নোটিশ না পাওয়া পর্যন্ত জনগণের জন্য তাদের দরজা বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়। এই নির্বাহী আদেশ নেই টেকনিশিয়ান, কসমেটোলজিস্ট এবং এসথেটিশিয়ান, এবং ইলেক্ট্রোলাইসিস, এবং লেজার অপসারণ পরিষেবাদির ক্ষেত্রেও প্রযোজ্য। এই নির্বাহী আদেশ জারি করা হয়েছিল কারণ এই পরিষেবাগুলি সম্পাদন করার সময় সামাজিক দূরত্ব বজায় রাখা সম্ভব হয় না।

20 মার্চ 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.6 জারি করেন, যাতে সমস্ত গৌণ ব্যবসাগুলিকে দপ্তরের দপ্তর মধ্যস্থ কর্মীদের কাজকর্মকে বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়। অত্যাবশ্যকীয় ব্যবসা, ঠিক যেভাবে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্পোরেশন (Empire State Development Corporation, ESD) এর নির্দেশিকা অনুযায়ী, পরিচালনবিধি

ব্যক্তিগত নিষেধাজ্ঞার শর্তাবলীর মধ্যে প্রযোজ্য নয় কিন্তু নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ (Department of Health, DOH) দ্বারা জারি করা পরিচ্ছন্ন এবং নিরাপদ কাজের পরিবেশ বজায় রাখার জন্য প্রয়োজনীয় পরিচালনবিধি এবং নির্দেশাবলী মেনে চলতে হবে এবং যত বেশি সম্ভবব সামাজিক দূরত্ব বজায় রাখাতে দৃঢ় অনুরোধ করা হয়েছে।

12ই এপ্রিল, 2020 তারিখে, গভর্নর কুওমো সমস্ত অত্যাবশ্যকীয় ব্যবসায়ীক প্রতিষ্ঠানকে তার কর্মীদের, যারা কর্মস্থলে উপস্থিত আছেন, তাদের বিনামূল্যে মুখের আচ্ছাদন প্রদান করতে হবে, যা তাদের কাজের সময় জনসাধারণ বা গ্রাহকদের সঙ্গে সরাসরি সংযোগ ঘটার সময় অবশ্যই ব্যবহার করতে হবে, এই মর্মে নির্বাহী আদেশ 202.16 জারি করেছেন। 15 এপ্রিল 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.17 জারি করেছেন যা দুই বছরের বেশি বয়সী এবং চিকিৎসাগতভাবে মুখের আবরণ সহন করতে সক্ষম সকলকে একটি সর্বজনীন স্থানে এবং যখন সামাজিক দূরত্ব বজায় রাখা সম্ভব নয়, বা যখন সামাজিক দুরত্ব বজায় রাখছেন না, তখন তাদের নাক ও মুখ একটি মাস্ক অথবা কাপড়ের তৈরি মুখের আবরণ দিয়ে ঢাকার জন্য নির্দেশ দেয়। 16 এপ্রিল 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.18 জারি করেন যা সরকারী এবং বেসরকারী পরিবহন বা অন্যান্য ভাড়ার পরিবহণ ব্যবহার করা দুই বছরের বেশি বয়সের এবং চিকিৎসাগতভাবে একটি মুখের আবরণ সহণ করতে সক্ষম সকল মানুষকে অবশ্যই কোন যাত্রার সময় তাদের নাক এবং মুখের উপর একটি মাস্ক অথবা মুখের আবরণ পরার নির্দেশ দেয়। এছাড়াও সরকারি বা বেসরকারি পরিবহনের যে কোন পরিচালক বা চালককে একটি মুখের আবরণ বা মাস্ক যা তাদের নাক এবং মুখ ঢেকে রাখে, টা পরার নির্দেশ দেয় যখন তেমন কোন গাড়িতে কোন যাত্রী থাকে। 29 মে 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.34 জারি করেন, যা ব্যবসার পরিচালক/মালিকদের সেই সব মানুষের প্রবেশাধিকার প্রত্যাহার করার অধিকার অনুমোদন করে, যারা মুখ ঢেকে রাখা বা মাস্ক সংক্রান্ত বাধ্যবাধকতা মেনে চলতে ব্যর্থ হন।

26শে এপ্রিল, 2020 তারিখে গভর্নর কুওমো ঘোষণা করেন যে তথ্য-পরিচালিত, আঞ্চলিক বিশ্লেষণে সাহায্যে পর্যায় ভিত্তিতে নিউইয়র্কে শিল্প এবং ব্যবসা পুনরায় খোলার ব্যাপারে পর্যায় ভিত্তিক দৃষ্টিভঙ্গি গ্রহণ করা হবে। 4 মে 2020 তারিখে গভর্নর ব্যবস্থা করেন যে নতুন COVID-19 সংক্রমণ জনস্বাস্থ্য পরিষেবা লক্ষণ ভিত্তিক পরীক্ষা এবং কন্টাক্ট ট্রেসিং সহ জনস্বাস্থ্যের বিভিন্ন দিক মাথায় রেখে আঞ্চলিক বিশ্লেষণটি করা হবে। 11 মে, 2020-এ, গভর্নর কুওমো ঘোষণা করেন যে, নিউ ইয়র্কের বেশ কিছু অঞ্চলে 15 মে, 2020-এর প্রথম পর্যায় শুরু হবে, যা করা হবে উপলভ্য আঞ্চলিক মেট্রিক্স এবং সূচকের উপর ভিত্তি করে। 29 এ মে 2020 তারিখে গভর্নর কুওমো ঘোষণা করলেন যে রাজ্যের বিভিন্ন অঞ্চলে পুনরায় চালু হওয়ার দ্বিতীয় পর্যায় শুরু করা হবে, এবং একটি নতুন প্রারম্ভিক সতর্কীকরণ ড্যাশবোর্ড ব্যবহার করার ঘোষণা করলেন যা নিউ ইয়র্কবাসীদের, সরকারী কর্মকর্তা, এবং বিশেষজ্ঞদের জন্য রাজ্যের বিস্তৃত তথ্য সংগ্রহের প্রচেষ্টাকে একত্রিত করবে যাতে নিরাপদে পুনরায় চালু হওয়া নিশ্চিত করার জন্য পর্যবেক্ষণ করা যায় ভাইরাসটি কিভাবে সংবরণ করা যেতে পারে।

যখন অঞ্চলগুলোকে দ্বিতীয় পর্যায়ে যাওয়ার অনুমতি দেওয়া হবে, তখন হেয়ার স্যালন এবং বার্বারশপগুলো পুনরায় খোলার অনুমতি দেওয়া হবে যতক্ষণ তারা অনুমোদিত মান অনুসরণ করছে এবং ব্যবসার জন্য নিরাপত্তা পরিকল্পনা সম্পন্ন করেছে এবং সেগুলো ব্যবসার স্থানে প্রদর্শিত করেছে।

নিম্নলিখিত মানগুলি ছাড়াও, ব্যবসাগুলিকে স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH) এর জারি করা পরিচ্ছন্ন এবং নিরাপদ কর্ম পরিবেশ বজায় রাখার নির্দেশনা ও আদেশ মেনে চলা অব্যাহত রাখতে হবে।

অনুগ্রহ করে লক্ষ্য করুন যে, নিউ ইয়র্ক স্টেট দ্বারা ইস্যু করা অন্যান্য পরিচালনাবিধি থেকে এই নথিতে উল্লেখ করা পরিচালনা বিধি পৃথক, অধিক সাম্প্রতিক নির্দেশিকা প্রয়োগ করা হবে।

নিউ ইয়র্ক রাজ্যের হেয়ার সেলুন এবং বার্বার শপের দায়িত্বশীল অপারেশনের মান

আমেরিকানস উইথ ডিজাবিলিটিজ অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA), সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention, CDC), এনভায়রনমেন্ট প্রোটেকশন এজেন্সি (Environmental Protection Agency, EPA) এবং মার্কিন যুক্তরাষ্ট্রের শ্রম বিভাগের অকুপেশনাল সেফটি অ্যান্ড হেলথ অ্যাডমিনিস্ট্রেশন (Occupational Safety and Health Administration, OSHA)-এর অনুরূপ ন্যূনতম রাজ্যের মান,

STAY HOME. STOP THE SPREAD. SAVE LIVES.

এবং প্রযোজ্য ফেডারেল শর্তাবলী, তবে তার মধ্যেই সীমাবদ্ধ নয়, এগুলি না পূরণ করে কোনো হেয়ার সেলুন এবং বার্বার শপ পরিচালিত হতে পারবে না।

এই নির্দেশিকার মধ্যে থাকা রাজ্যের মান COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার সময় পরিচালিত হেয়ার স্যালন এবং বার্বারশপগুলির ক্ষেত্রে প্রযোজ্য যতক্ষণ না রাজ্য কর্তৃক বাতিল বা সংশোধন করা হয়। হেয়ার স্যালন অথবা বার্বারশপের মালিক, অথবা অন্য কোনো পক্ষ, যেমন মালিক দ্বারা মনোনীত (উভয় ক্ষেত্রে, "দায়বদ্ধ পক্ষ"), এই মান পূরণের জন্য দায়ী থাকবেন।

হেয়ার স্যালন এবং বার্বারশপের মালিকদের বিদ্যমান স্বাস্থ্য এবং স্যানিটারি মান অনুসরণ করার কথা স্মরণ করিয়ে দেওয়া হয়, ব্যতিক্রম যেখানে এই নথি একটি কঠোর মান প্রদান করে, সেক্ষেত্রে এই নথি নিয়ন্ত্রণ করবে। স্যালন সম্পর্কিত বিদ্যমান মান রাজ্য বিভাগ (Department of State) এর ওয়েবসাইটে <u>এখানে</u> ক্লিক করে পাওয়া যাবে। বারবারশপ সম্পর্কিত বিদ্যমান মান ডিপার্টমেন্ট অফ স্টেট ওয়েবসাইটে <u>এখানে</u> ক্লিক করে পাওয়াযায়।বার্বারশপ সম্পর্কিত বিদ্যমান মান রাজ্য বিভাগ (Department of State) এর ওয়েবসাইটে এখানে ক্লিক করে পাওয়া যাবে।

নিম্নলিখিত নির্দেশিকাটি তিনটি স্বতন্ত্র বিভাগ নিয়ে সংগঠিত: মানুষ, স্থান এবং প্রক্রিয়াসমূহ।

I. মানুষ

A. শারীরিক দূরত্ব

- দায়বদ্ধ পক্ষগুলোকে নিশ্চিত করতে হবে যে কোনো হেয়ার স্যালন বা বর্বারশপে কর্মী এবং গ্রাহকদের সহ উপস্থিতি যেন একটি নির্দিষ্ট অঞ্চলের জন্য দখল শংসাপত্র দ্বারা নির্ধারিত সর্বাধিক দখলের 50% পর্যন্ত সীমাবদ্ধ থাকে, যাতে গ্রাহকরাও অন্তর্ভুক্ত, যাদের অন্যদের থেকে ছয় ফুট দূরত্ব বজায় রাখতে হবে, শুধুমাত্র চুল কাটার সময় ছাড়া, এবং,সব ক্ষেত্রে, তাদের তখনই হেয়ার স্যালন বা বার্বারশপে প্রবেশ করার অনুমতি দেওয়া উচিৎ যদি তারা একটি গ্রহণযোগ্য মুখের আবরণ পরে থাকেন; যদি সেই গ্রাহক দুই বছরের বেশি বয়সী হন এবং চিকিৎসামূলকভাবে এই ধরণের আবরণ সহ্য করতে সক্ষম হন; এবং

- দায়বদ্ধ পক্ষগুলির অবশ্যই নিশ্চিত করা উচিত যে কর্মী এবং গ্রাহকদের মধ্যে সর্বদা কমপক্ষে ছয় ফুট দূরত্ব বজায় রাখা হয়, যদি না মূল ক্রিয়াকলাপটির জন্য আরও কম দূরত্বের প্রয়োজন হয় (যেমন চল কাটা, অ্যাপয়েন্টমেন্ট ডেস্ক বা ক্যাশ রেজিস্টার পরিচালনা করা)। কর্মীরা যখনই গ্রাহকদের সাথে মিথস্ক্রিয়ায় জড়িত হবেন (উদাহরণস্বরূপ, একটি বিক্রয়, দেওয়ার জন্য একটি পণ্য কাগজে মোড়ানো) এবং যে কোনো সময় কর্মীদের অন্য ব্যক্তির ছয় ফুট দূরত্বের মধ্যে আসতে হবে, তাদের অবশ্যই একটি মুখের আবরণ পরে থাকতে হবে। যদি অন্য কেউ অপ্রত্যাশিতভাবে ছয় ফুটের কাছে চলে আসে তাহলে কর্মীদের অবশ্যই মুখ ঢেকে রাখার জন্য প্রস্তুত থাকতে হবে।

    - COVID-19 এর জন্য গ্রহণযোগ্য মুখের আবরণগুলিতে কাপড়-ভিত্তিক মুখের আবরণ এবং নিষ্পত্তিযোগ্য মাস্কগুলি অন্তর্ভুক্ত যা মুখ এবং নাক উভয়ই ঢেকে রাখে, কিন্তু তাতে সীমাবদ্ধ নয়।

    - তবে, যে কাজের প্রকৃতির কারণে কর্মস্থানের ক্রিয়াকলাপগুলির জন্য সাধারণত ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) এর মাধ্যমে উচ্চতর মাত্রায় সুরক্ষা প্রয়োজন হয়, সেখানে সাধারণত কাপড়ের, নিষ্পত্তিযোগ্য বা ঘরে তৈরি অন্যান্য মুখের আবরণ গ্রহণযোগ্য মুখের আবরণ নয়। সেই ক্রিয়াকলাপগুলির জন্য, পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য প্রশাসন (Occupational Safety and Health Administration, OSHA) নির্দেশিকা অনুসারে সংজ্ঞায়িত বিদ্যমান শিল্প মানের অধীনে ব্যবহৃত N95 রেস্পিরেটর বা অন্যান্য ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) ব্যবহার করা চালিয়ে যাওয়া উচিত।

- হেয়ার সেলুন মালিকদের অবশ্যই 19 NYCRR সেকশন 160.11 মেনে চলতে হবে এবং প্রতিটি ওয়ার্কস্টেশনে PPE-র (যেমন N-95 বা N-100 রেসপিরেটর) পর্যাপ্ত সরবরাহ নিশ্চিত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলি ওয়ার্ক স্টেশন ও কর্মচারীর বসার এলাকার ব্যবহার পরিবর্তন এবং/অথবা সংখ্যা সীমাবদ্ধ করতে পারেন, যাতে কর্মীরা সব দিক থেকে অন্তত ছয় ফুট দূরত্বে থাকেন (যেমন, পাশে এবং যখন একে অপরের মুখোমুখি হন) এবং ব্যবহারের মধ্যবর্তী সময়ে পরিষ্কার এবং জীবাণুমুক্ত না করে কোন ওয়ার্কস্টেশন শেয়ার করছেন না।

  - দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে গ্রাহকদের বসার স্থান এমনভাবে আয়োজিত করা হয় যাতে পরিষেবা প্রদানকারী ছাড়া তাদের একে অপরের মধ্যে সর্বদা ছয় ফুটের দূরত্ব বজায় থাকে (যেমন, ক্ষৌরকারদিগের চেয়ারগুলি একে অপরের থেকে ৬ ফুট দূরত্বে রাখতে হবে, যদিনা উহাদের মধ্যে কোনো শারীরিক বেড় দেওয়া থাকে)।

    - ব্যক্তিগত পরিচর্যা ক্ষেত্রগুলিতে কর্মচারীদের কাজ করার জায়গাগুলি (যেমন, ক্ষৌরকারদের চেয়ার) বিভাজিত করার জন্য যেখানে সম্ভব ভৌতিক বেড় প্রতিস্থাপন করার কথা বিবেচনা করে দেখতে হবে OSHA নির্দেশিকা অনুযায়ী।

    - শারীরিক প্রতিবন্ধক বিকল্পের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে: স্ট্রিপ পর্দা, প্লেক্সিগ্লাস বা অনুরূপ উপকরণ, বা অন্যান্য অর্ভেদ্য বিভাজক বা পার্টিশন।

    - দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে অ্যাপয়েন্টমেন্ট ডেস্ক এবং চেক-আউট রেজিস্টারে, কর্মীরা মুখের আবরণ পরে থাকেন এবং শারীরিক প্রতিবন্ধকতা স্থাপন করা হয় যেখানে তারা বায়ু প্রবাহ, উত্তাপ, শীতলকরণ বা বায়ুচলাচলকে প্রভাবিত করবে না বা অন্যথায় স্বাস্থ্য বা নিরাপত্তাকে সম্ভাব্য দুর্বল করবে না।

- চিকিৎসাগত বা অন্যান্য স্বাস্থ্য অবস্থার কারণে একটি মুখের আবরণ পরিধান করতে অস্বীকার করে এমন কোন ব্যক্তির কাছ থেকে চিকিৎসা সংক্রান্ত বা অন্যান্য ডকুমেন্টেশন জন্য অনুরোধ করা নিষিদ্ধ দায়বদ্ধ পক্ষগুলির।

- দায়বদ্ধ পক্ষগুলির একসাথে একাধিক ব্যক্তি দ্বারা ছোট জায়গার (যেমন ক্যাশ রেজিস্টারের পিছনে, লিফটে, স্টক রুমে) ব্যবহার নিষিদ্ধ করা উচিত, যদি না সেখানে একই সময় উপস্থিত সমস্ত কর্মীরা গ্রহণযোগ্য মুখের আবরণ পরে থাকেন। কিন্তু দখলকারীর সংখ্যা কখনই স্থানের সর্বাধিক ধারণক্ষমতার 50% অতিক্রম করতে পারবে না, যদি না সেটি একক দখলকারীর ব্যবহারের জন্য তৈরি করা হয়ে থাকে। সুরক্ষা প্রোটোকল বজায় রাখার সাথে দায়বদ্ধ পক্ষগুলিকে বাইরের বাতাসের চলাচল সর্বাধিক পরিমাণে বাড়ানো উচিত (যেমন জানলা এবং দরজা খুলে রাখা)।

- যখন সম্ভব, দায়বদ্ধ পক্ষগুলির উচিত স্পর্শবিহীন অর্থ প্রদানের বিকল্পের ব্যবহার অথবা অগ্রিম অর্থ প্রদান করা উৎসাহিত করা। যেখানে সম্ভব, ক্যাশ, ক্রেডিট কার্ড, রিওয়ার্ড কার্ড এবং মোবাইল ডিভাইসের ব্যবহার ন্যূনতম করুন, (উদাহরণস্বরূপ, গ্রাহকদের জন্য ক্যাশের বদলে ইলেকট্রনিক পেমেন্টের মাধ্যমে টিপ দেওয়ার বিকল্প বিবেচনা করুন)।

- দায়বদ্ধ পক্ষগুলিকে সরু গলি, হলওয়ে বা ফাঁকা জায়গাগুলিতে সূচকের সাহায্যে টেপ বা চিহ্ন ব্যবহার করে দু-দিকের পথচলাচল হ্রাস করার জন্য ব্যবস্থা গ্রহণ করা উচিত, এবং সমস্ত সচরাচর ব্যবহৃত অঞ্চলে এবং যে কোনো অঞ্চল যেখানে সারিবদ্ধ হওয়ার সম্ভাবনা বেশী বা মানুষ জমায়েত হতে পারে (যেমন অ্যাপয়েন্টমেন্টের ডেস্ক/ক্যাশ রেজিস্টার এলাকা, স্বাস্থ্য স্ক্রিনিং স্টেশন, ব্রেক রুম), সেখানে ছয় ফুটের দূরত্ব চিহ্নিত করে চিহ্ন স্থাপন করতে হবে।

- ○ যেখানে সম্ভব, স্থান নির্দেশক অথবা বেড় প্রতিস্থাপন করতে হবে যাতে একমুখী যাতায়াতকে উৎসাহিত করা যায়।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই সাধারনের দ্বারা ব্যবহৃত স্থান এবং লাইনে দাঁড়াতে হয় বা লোকজন জড় হয় এমন স্থান (যেমন, ক্লক ইন/আউট স্টেশন, হেল্থ স্ক্রিনিং স্টেশন, ব্রেক-রুম, ক্যাশ রেজিস্টার) -এ ছয় ফুট দূরত্ব নির্দেশক সাইনেজ এবং চিহ্নাদি লাগাতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে "কেবল পূর্বনির্ধারিত সময় মেনে আসা"-এর নীতির কথা বিবেচনা করতে হবে, যাতে সশরীরে উপস্থিত হওয়া গ্রাহকদের সংখ্যা সীমাবদ্ধ করা যায়।

- দায়বদ্ধ পক্ষগুলি ওয়েটিং রুম বন্ধ করবেন এবং যতদূর সম্ভব লাইন দেওয়া আটকাবেন। যে সব গ্রাহক আগে থেকে অ্যাপয়েন্টমেন্ট করে আসবেন, তাদের অ্যাপয়েন্টমেন্টের সময় উপস্থিত না হওয়া পর্যন্ত হয় নিজেদের গাড়িতেই অথবা ছয় ফুট দূরত্ব রেখে বাইরে অপেক্ষা করতে হবে। একইভাবে, দায়বদ্ধ পক্ষগুলি অ্যাপোয়েন্টমেন্ট ছাড়া আসা গ্রাহকদের সাথে সাথেই পরিষেবা দিতে পারবেন না, সেইসব গ্রাহকদের অ্যাপোয়েন্টমেন্ট দিতে হবে এবং তাদেরও হয় নিজের গাড়িতে নয় বাইরে ছয় ফুট দূরত্ব বজায় রেখে অপেক্ষা করতে বলতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই হেয়ার সেলুন বা চুল কাটানোর দোকানের ভিতরে এবং বাইরে DOH COVID-19 সাইনেজ সহ অন্যান্য সাইনেজ লাগাতে হবে। দায়বদ্ধ পক্ষগুলো তাদের নির্দিষ্ট কর্মক্ষেত্র বা স্থানের জন্য নিজস্বকৃত সংকেত তৈরি করতে পারে, যদি এই ধরনের সংকেত বিভাগের সংকেতের সাথে সামঞ্জস্যপূর্ণ হয়। কর্মচারী এবং গ্রাহকদের এগুলি সম্পর্কে স্মরণ করিয়ে দিতে সাইনেজ ব্যবহার করা উচিত:
  - ○ তাদের নাক এবং মুখ একটি মুখের আবরণ দিয়ে ঢেকে রাখা।
  - ○ ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম, PPE, সঠিকভাবে রাখা এবং যখন প্রয়োজন, তা বাতিল করা।
  - ○ শারীরিক দূরত্বের নির্দেশাবলী মেনে চলা।
  - ○ COVID-19 এর উপসর্গ বা সংক্রমণের প্রতিবেদন করা, এবং কিভাবে এটি করা উচিত।
  - ○ হাতের পরিচ্ছন্নতা এবং পরিষ্কার এবং জীবানুমুক্তকরণের নির্দেশিকা অনুসরণ করুন।
  - ○ যথাযথ শ্বাস-প্রশ্বাসের পরিচ্ছন্নতা এবং কাশি সংক্রান্ত শিষ্টাচার অনুসরণ করুন।

B. আবদ্ধ স্থানে সমাবেশ

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই সশরীরে মানুষের সমাবেশ সীমিত করতে হবে (যেমন কর্মচারীদের সভা, ব্রেক রুম, স্টক রুম) যতটা বেশি সম্ভব এবং ভিডিও বা টেলিকনফারেন্সিং এর মতো অন্যান্য পদ্ধতি ব্যবহার করা যখনই সম্ভব, রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC) এর নির্দেশিকা "ব্যবসা ও নিয়োগকর্তাদের জন্য করোনাভাইরাস রোগ 2019 (COVID-19) এর জন্য পরিকল্পনা এবং প্রতিক্রিয়ার অন্তর্বর্তী নির্দেশিকা" (Interim Guidance for Businesses and Employers to Plan and Respond to Coronavirus Disease 2019 (COVID-19)) অনুযায়ী। যখন ভিডিওকনফারেন্সিং বা টেলিকনফারেন্সিং সম্ভব হয় না, তখন দায়িত্বশীল দলগুলোর খোলা, ভালভাবে ভেন্টিলেটারের মধ্যে মিটিং করা উচিত এবং নিশ্চিত করা উচিত যে ব্যক্তি এক আরেকজনের মধ্যে ছয় ফুট সামাজিক দূরত্ব বজায় রাখবে (যেমন চেয়ার থাকলে, চেয়ারের মধ্যবর্তী জায়গা ছেড়ে দেওয়া, কর্মীদের পর্যায়ক্রমে চেয়ারে বসতে হবে)।

- দায়বদ্ধ পক্ষগুলিকে স্বল্প পরিসর এলাকায়, যেমন বিশ্রামকক্ষ এবং ব্রেকরুম-এ পর্যাপ্ত সামাজিক দূরত্বের পালনের ব্যবস্থা করতে হবে, এবং এই ধরনের এলাকায় যখন সামাজিক দূরত্ব রক্ষা করা যাবে না, তখন লোক সমাগম সীমাবদ্ধ রাখার জন্য চিহ্ন এবং সিস্টেম (যেমন ব্যবহৃত হওয়ার চিহ্ন) ব্যবহার করতে হবে; এবং

- দায়বদ্ধ পক্ষগুলির উচিৎ তাদের কর্মীদের উদ্দেশ্যে যে কোন সমাবেশের জন্য সামাজিক ব্যবধান (অর্থাৎ ছয় ফুট ব্যবধান) পালন করার (যেমন বিরতিতে যাবার সময়) জন্য সময়সূচী আগু-পিছু করা।

C. কর্মক্ষেত্রের সক্রিয়তা

- উপরে প্রদত্ত চুলের পরিষেবা ব্যবসাসমূহ এবং কার্যকলাপের সংজ্ঞা অনুযায়ী, দায়বদ্ধ পক্ষগুলির এমন সকল পরিষেবা প্রদান করা নিষিদ্ধ যা চুল কাটা, চুলে রঙ করা বা স্টাইলিং সম্পর্কিত নয়; নিষিদ্ধ পরিষেবাগুলির মধ্যে রয়েছে: দাড়ি ছাঁটা, নাকের চুল ছাঁটা, ফেশিয়াল, নখের পরিষেবা, মেকআপ করা, থ্রেডিং, টুইজিং বা ওয়াক্সিং, কিন্তু এর মধ্যে সীমাবদ্ধ নয়।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই আন্তঃব্যক্তিগত যোগাযোগ এবং সমাবেশ কমানোর জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে, এমন পদ্ধতির মাধ্যমে:

    - সাইটে শুধুমাত্র প্রয়োজনীয় কর্মচারীদের মধ্যেই সশরীরে উপস্থিতি সীমিত করা;

    - কর্মক্ষেত্রের সময় সমন্বয় করা;

    - সামাজিক দূরত্ব নির্দেশিকা বজায় রাখার জন্য অন-সাইট কর্মী হ্রাস করা;

    - শিফটিং ডিজাইন (উদাহরণস্বরূপ A/B দল, আগমন/প্রস্থানের সময় আগু-পিছু করা); এবং/অথবা

    - শ্রেণীবদ্ধ করার ক্রিয়াকলাপ, যেখানে সম্ভব, যাতে মানুষ সামাজিক দূরত্ব মেনে চলতে পারে এবং একই সময়ে সরঞ্জাম স্পর্শ করা হাতের সংখ্যা কমানো যায় (উদাহরণস্বরূপ শেলফে জিনিস রাখা)।

- দায়বদ্ধ পক্ষগুলির উচিত ঘনত্ব হ্রাস করতে এবং বর্ধিত পরিষ্কার এবং জীবাণুমুক্তকরনের প্রক্রিয়া সক্রিয় করার জন্য প্রয়োজন অনুযায়ী ব্যবসায়িক সময় সমন্বয় করা।

D. চলাচল ও বাণিজ্য

- দায়বদ্ধ পক্ষগুলোর উচিত হেয়ার স্যালন বা বার্বারশপে অনাবশ্যক অতিথিদের প্রবেশ নিষিদ্ধ করা।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই সর্বোচ্চ ধারণক্ষমতার প্রয়োজনীয়তা মেনে চলার জন্য প্রতিষ্ঠানে ট্রাফিকের প্রবাহ পর্যবেক্ষণ এবং নিয়ন্ত্রণ করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই পিকআপ এবং ডেলিভারির জন্য নির্দিষ্ট এলাকা নির্দিষ্ট করতে হবে, যতটা সম্ভব যোগাযোগ সীমিত করতে।

- যেখানে সম্ভব, দায়বদ্ধ পক্ষগুলির পরিষ্কারভাবে পৃথক প্রবেশদ্বার এবং প্রস্থান প্রদান করা উচিত।

- পণ্যের ডেলিভারির জন্য, দায়বদ্ধ পক্ষগুলির একটি স্পর্শবিহীন ডেলিভারি ব্যবস্থা বাস্তবায়ন করা উচিত যেখানে ডেলিভারির সময় চালকরা গাড়ির ভিতরে থাকেন অথবা, যেখানে সম্ভব নয়, দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই প্রত্যাশিত কার্যক্রমের জন্য ডেলিভারি কর্মীদের বিনা মূল্যে গ্রহণযোগ্য ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) প্রদান করতে হবে যার মধ্যে রয়েছে, ন্যূনতম, ডেলিভারি প্রক্রিয়ার সময় ব্যবহারের জন্য একটি কাপড়ের মুখের আবরণ।

- দায়বদ্ধ পক্ষগুলিকে নিশ্চিত করতে হবে যে পণ্যদ্রব্যের একটি লোড স্থানান্তর (যেমন একজন ডেলিভারি ড্রাইভারের থেকে) করার আগে এবং পরে অবশ্যই হাত জীবাণুমুক্ত করেন কর্মীরা (যেমন পণ্য লোড করতে শুরু করার আগে হাত জীবাণুমুক্ত করা; এবং একবার সব পণ্য লোড করা হয়ে গেলে, আবার তাদের হাত জীবাণুমুক্ত করে সমাপ্ত করা)।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই সুবিধাবলীগুলি বন্ধ করতে হবে,যেখানে প্রযোজ্য,যার মধ্যে রয়েছে:
    - স্ব-সেবা বার এবং নমুনাকারকগুলি;
    - ক্যাফে এবং ডাইনিং/বেভারেজ পরিষেবার এলাকা, টেকআউট ছাড়া;
    - পানির ফোয়ারা;
    - ম্যাগাজিন এলাকা।

- দায়বদ্ধ পক্ষগুলির উচিত বাতিলকরণ ফি অপসারণ করা বা তা শিথিল করার কথা বিবেচনা করা, যাতে তারা অসুস্থ হয়ে পড়লে গ্রাহকদের বাড়িতে থাকতে উৎসাহিত করা যায়।

II. জায়গা

A. প্রতিরক্ষামূলক সরঞ্জাম

- দায়বদ্ধ পক্ষগুলোকে বাধ্যতামূলকভাবে সুনিশ্চিত করতে হবে যে সকল কর্মী যেন মুখাবরণ ব্যাবহার করেন যাতে নাক এবং মুখ সম্পূর্ণরূপে আবৃত হয় এবং গ্রাহককে সরাসরি পরিষেবা প্রদান করা (যেমন, চুল কাটার পরিষেবা)-এর সময় ফেস শীল্ড বা নিরাপত্তার চশমা ব্যবহার করেন। এছাড়াও কর্মীদের গ্রাহকের সাথে আলাপচারিতা করা (যেমন, ক্রয়মূল্য গননা করা)-এর সময় পরস্পরের থেকে ছয় ফুট বা ততোধিক দূরত্বে থাকা সত্বেও বাধ্যতামূলকভাবে মুখাবরণ ব্যবহার করতে হবে।

- নির্দিষ্ট কর্মক্ষেত্রের কার্যক্রমের জন্য প্রয়োজনীয় ব্যক্তিগত নিরাপত্তামূলক সরঞ্জাম (PPE) ছাড়াও, দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই, গ্রহণযোগ্য মুখের আবরণ সংগ্রহ করতে হবে এবং কর্মচারীদের বিনামূল্যে প্রদান করতে হবে কাজ করার সময়। দায়বদ্ধ পক্ষগুলির কাছে মুখের আবরণ, মাস্ক এবং অন্যান্য প্রয়োজনীয় ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE)-এর পর্যাপ্ত যোগান থাকা উচিত, যদি কোনো কর্মচারীর প্রতিস্থাপন করার প্রয়োজন হয় বা একজন অপরিহার্য দর্শনার্থীর তা প্রয়োজন হয়। গ্রহণযোগ্য মুখের আবরণের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে, কিন্তু তাতেই সীমাবদ্ধ নয়, কাপড় (যেমন, বাড়িতে সেলাই করা, কুইক কাট, ব্যান্ডানা), সার্জিক্যাল মাস্ক, N95 রেস্পিরেটর এবং ফেস সিল্ড।

- মুখের আবরণগুলি ব্যবহারের পর অবশ্যই পরিষ্কার করতে হবে বা প্রতিস্থাপন করতে হবে এবং কারো সাতেহ ভাগ করা চলবে না। অনুগ্রহ করে কাপড়ের মুখের আবরণ এবং অন্যান্য ধরনের ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) সম্পর্কে অতিরিক্ত তথ্যের জন্য এবং তার সাথে তা ব্যবহার এবং পরিষ্কারের নির্দেশাবলীর জন্য রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC) এর নির্দেশিকা দেখুন।
    - মনে রাখবেন যে কাপড়ের মুখের আবরণ বা নিষ্পত্তিযোগ্য মাস্ক সেইসব কর্মক্ষেত্রের কার্যকলাপের জন্য গ্রহণযোগ্য মুখের আবরণ হিসাবে বিবেচনা করা হবে না যেখানে মুখের আবরণের প্রয়োজনীয়তার ক্ষেত্রে উচ্চ মাত্রার সুরক্ষা প্রয়োজন। উদাহরণস্বরূপ, যদি N95 রেস্পিরেটর ঐতিহ্যগতভাবে কোন ব্যবসায়িক কার্যকলাপের জন্য প্রয়োজন হয়, তাহলে একটি কাপড় বা বাড়িতে তৈরি মাস্ক যথেষ্ট হবে না। এই ধরনের নিরাপত্তা সরঞ্জামের জন্য OSHA-র মান অবশ্যই মেনে চলতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই তাদের কর্মীদের নিজস্ব গ্রহণযোগ্য মুখের আবরণ ব্যবহার করার অনুমতি দিতে হবে কিন্তু তাদের কর্মীদের তারা নিজস্ব মুখের আবরণ সরবরাহ করতে বলতে পারবেন না। উপরন্তু, এই নির্দেশিকা কর্মীদের তাদের ব্যক্তিগত মালিকানাধীন অতিরিক্ত প্রতিরক্ষামূলক আবরণ (যেমন সার্জিকাল মাস্ক, N95 রেস্পিরেটর, বা ফেস শিল্ড) পরা থেকে প্রতিরোধ করবে না, অথবা অন্যথায় যদি দায়বদ্ধ পক্ষ অনুযায়ী তাদের কাজের প্রকৃতির কারণে কর্মীদের আরো বেশি নিরাপত্তামূলক ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) ব্যবহারের প্রয়োজন হয়। নিয়োগকর্তাদের সকল প্রযোজ্য পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) মান মেনে চলতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই বস্তু শেয়ার করা, যেমন কাঁচি, স্প্রে করার বোতল, এবং ক্লিপার, এবং শেয়ার করা পৃষ্ঠতল স্পর্শ করা সীমিত করার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে; অথবা, শেয়ার করা বস্তু বা ঘন ঘন স্পর্শ করা পৃষ্ঠতলের সংস্পর্শে থাকলে কর্মীদের জন্য গ্লাভস (বাণিজ্য অনুযায়ী অথবা চিকিৎসাগত) পরে থাকা প্রয়োজনীয় করতে হবে; অথবা, কর্মীদের জন্য যোগাযোগের আগে এবং পরে হাত ধোয়া বা স্যানিটাইজ করা প্রয়োজনীয় করতে হবে।

    - যদি শেয়ার করা হয়, ব্যবহারের মধ্যবর্তী সময়ে সরঞ্জামগুলি পরিষ্কার করতে হবে এবং জীবানুমুক্ত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই PPE – যার মধ্যে মুখ আবরণ অন্তর্ভুক্ত, কিন্তু সীমাবদ্ধ নয়– কিভাবে যথাযথ ভাবে রাখা যায়, খুলে নেওয়া যায়, পরিষ্কার করা হয় (যেমন প্রযোজ্য), এবং ফেলে দেওয়া যায় সেই বিষয়ে কর্মীদের প্রশিক্ষণ দিতে হবে।

- যেখানে দায়বদ্ধ পক্ষগুলি একজন গ্রাহক কে আবরণ প্রদান করবেন (উদাহরণস্বরূপ, চুল কাটার জন্য অ্যাপ্রন), তাদের অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে সেই সব আবরণ গুলি পরিষ্কার, সদ্য ধোয়া অথবা প্রতিটি ব্যবহারের মাঝে জীবাণুমুক্ত করা অথবা ডিসপোজেবল।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে কর্মচারীরা পরিষ্কার স্মক অথবা গাউন পরছেন।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে কর্মচারীরা কোন গ্রাহককে পরিষেবা প্রদান করার সময় গ্লাভস ব্যবহার করছেন অথবা সংস্পর্শে আসার আগে এবং পরে হাত ধুচ্ছেন বা স্যানিটাইজ করছেন।

    - যদি গ্লাভস ব্যবহার করা হয়, তাহলে প্রতিটি অ্যাপোয়েন্টমেন্টের পরে সেগুলিকে যেন অবশ্যই বদল করা হয়।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে প্রত্যেক গ্রাহক মাস্ক অথবা কাপড়ের আবরণী ব্যবহার করছেন যাতে সম্পূর্ণ মুখ এবং নাক আবৃত থাকছে, যদি না সেই গ্রাহক দুই বছরের কম বয়সী অথবা চিকিৎসাগত ভাবে মুখাবরণে অক্ষম।

    - চুল কাটার পরিষেবার ক্ষেত্রে দায়বদ্ধ পক্ষগুলিকে গ্রাহকদের হ্যালো আচ্ছা এমন মুখ আবরণী ব্যবহার করতে উৎসাহিত করতে হবে যেগুলি কানের চারিদিক থেকে ঘুরে আসে, যাতে পরিষেবা প্রদান করার সময় সেগুলিকে খুলতে না হয়। হেয়ার স্টাইলিস্ট বা নাপিতের কোন একটি স্থানের নাগাল পাওয়ার জন্য যদি আবরণীর একপাশ খুলতে হয় তাহলে গ্রাহককে বাধ্যতামূলকভাবে হাত দিয়ে আবরণীটি মুখ এবং নাকের উপর চেপে ধরে রাখতে হবে।

B. স্বাস্থ্যবিধি, পরিচ্ছন্নতা, এবং জীবানুমুক্তকরণ

- প্রাসঙ্গিকতা অনুযায়ী, দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই CDC এবং DOH এর সুপারিশকৃত স্বাস্থ্যবিধি এবং পরিচ্ছন্নতা ও জীবাণুমুক্তকরণ সংক্রান্ত বাধ্যবাধকতাগুলি মেনে চলতে হবে, যেমন সেগুলি প্রযোজ্য, যার মধ্যে আছে "COVID-19 এর জন্য সরকারি এবং বেসরকারি কেন্দ্রগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার নির্দেশিকা" (Guidance for

Cleaning and Disinfection of Public and Private Facilities for COVID-19), এবং "ছড়িয়ে পড়া থামান" (STOP THE SPREAD) পোস্টার। দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই কিছু লগ বজায় রাখতে হবে যাতে তারিখ, সময় এবং পরিচ্ছন্নতা ও জীবাণুমুক্তকরণের পরিধি অন্তর্ভুক্ত।

- দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই সাইটে হ্যান্ড হাইজিন স্টেশন প্রদান করতে এবং রক্ষণাবেক্ষণ করতে হবে, নিম্নরূপে:
  - হাত ধোয়ার জন্য: সাবান, চলমান উষ্ণ পানি, এবং নিষ্পত্তিযোগ্য কাগজের তোয়ালে।
  - স্যানিটাইজারের জন্য: যেখানে হাত ধোয়ার সুবিধা পাওয়া যাবে না বা তা বাস্তবসম্মত নয়, সেইসব এলাকার জন্য একটি অ্যালকোহল-ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার, যাতে অন্তত 60% অ্যালকোহল থাকে।
  - দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই কর্মী এবং গ্রাহকদের ব্যবহারের জন্য হেয়ার স্যালন বা বার্বারশপ জুড়ে হ্যান্ড স্যানিটাইজার উপলব্ধ করতে হবে।
  - দায়বদ্ধ পক্ষগুলোকে কর্মীদের জন্য প্রত্যেক গ্রাহককে পরিষেবা প্রদানের আগে এবং পরে সাবান এবং জল দিয়ে 20 সেকেন্ডের জন্য হাত ধোয়ার মাধ্যমে হাতের পরিচ্ছন্নতা অনুশীলন আবশ্যক করতে হবে।
- দায়বদ্ধ পক্ষগুলোর হ্যান্ড স্যানিটাইজার স্টেশনের কাছে সংকেত রাখা উচিত যা নির্দেশ করে যে দৃশ্যমান নোংরা হাত সাবান এবং জল দিয়ে ধুয়ে ফেলা উচিত; হ্যান্ড স্যানিটাইজার দৃশ্যমান নোংরা হাতে কার্যকর নয়।
- দায়বদ্ধ পক্ষগুলির উচিৎ হেয়ার সেলুন বা বার্বার শপের চারপাশে পাত্র রাখা যাতে নিষ্পত্তিযোগ্য ময়লা বস্তু যেমন PPE ফেলে দেওয়া যায়।
- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই শেয়ার করা এবং ঘন ঘন স্পর্শ করা পৃষ্ঠতলের জন্য যথাযথ পরিষ্কার করার এবং জীবাণুমুক্তকরণের সরঞ্জাম প্রদান করতে হবে এবং তাদের কর্মীদের সেই পৃষ্ঠতল ব্যবহারের আগে এবং পরে প্রস্তুতকারকের নির্দেশনা অনুসরণ করে এই সরঞ্জাম ব্যবহার করতে উৎসাহিত করতে হবে, এবং তারপর হাতের পরিচ্ছন্নতার স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে।
- দায়বদ্ধ পক্ষগুলোকে নিয়মিতভাবে হেয়ার সেলুন বা বার্বার শপটি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে এবং অনেকের দ্বারা ব্যবহৃত উচ্চ ঝুঁকি সম্পন্ন স্থানগুলিকে আরও নিয়মিত পরিষ্কার এবং জীবানুমুক্ত করতে হবে। পরিষ্কার এবং জীবানুমুক্তকরণ অবশ্যই কঠোর এবং চলমান হতে হবে এবং প্রয়োজন অনুযায়ী অন্তত প্রতিটি শিফট, দৈনিক বা আরো ঘন ঘন হতে হবে। কীভাবে ফেসিলিটিগুলি পরিষ্কার করবেন তার বিশদ নির্দেশাবলীর জন্য অনুগ্রহ করে DOH এর "COVID-19 এর জন্য সরকারি এবং বেসরকারি কেন্দ্রগুলি পরিষ্কার করা এবং জীবাণুমুক্ত করার বিষয়ে অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Cleaning and Disinfection of Public and Private Facilities for COVID-19) দেখুন।
  - দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই বিশ্রামকক্ষগুলি নিয়মিত পরিষ্কার ও জীবাণুমুক্ত করা নিশ্চিত করতে হবে। বিশ্রামাগারগুলি কত ঘন ঘন তা ব্যবহৃত হয় তার উপর নির্ভর করে আরো বেশি বার পরিষ্কার এবং জীবানুমুক্ত করা উচিৎ।
    - দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে বিশ্রামাগারের ধারণ ক্ষমতা কমানোর জন্য সাইনেজ, দখল করা আছে কিনা তার মার্কার বা অন্যান্য পদ্ধতি ব্যবহার করে সামাজিক দূরত্বের বিধিমালা যেন মেনে চলা হয়।
  - দায়বদ্ধ পক্ষগুলিকে নিশ্চিত করতে হবে যে ওয়ার্ক স্টেশনের সরঞ্জাম নিয়মিত পরিষ্কার করা হয় এবং রেজিস্টার্ড জীবাণুনাশক ব্যবহার করে জীবাণুমুক্ত করা হয়, অন্তত প্রত্যেক গ্রাহকের মধ্যে অন্তত একবার করে। EPA দ্বারা COVID-19-এর বিরুদ্ধে কার্যকর হিসেবে শনাক্ত হওয়া নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ

দপ্তরের (Department of Environmental Conservation, DEC) নিবন্ধিত পণ্যগুলোর তালিকা ব্যবহার করুন।

- যদি পরিষ্কার বা জীবাণুনাশক পণ্য বা পরিষ্কার বা জীবাণুনাশকতার কাজ নিরাপত্তার ঝুঁকি সৃষ্টি করে অথবা উপাদান বা যন্ত্রপাতির অবনতি ঘটায়, তাহলে দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই হ্যান্ড হাইজিন স্টেশন স্থাপন করতে হবে ব্যবহারের মধ্যবর্তী সময়ের জন্য এবং/অথবা নিষ্পত্তিযোগ্য গ্লাভস এবং/অথবা এই যন্ত্রপাতি ব্যবহার করেন এমন কর্মীদের সংখ্যা সীমিত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই পূর্ণ ওয়ার্কস্টেশন পরিষ্কারের জন্য সাক্ষাতের সময়ের মধ্যে সময় ছেড়ে দিতে হবে (উদাহরণস্বরূপ 15 মিনিট)।

- একজন কর্মী অথবা গ্রাহক COVID-19 এ আক্রান্ত হওয়ার ক্ষেত্রে দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই তাদের দ্বারা ব্যবহৃত এলাকা পরিষ্কারের এবং জীবাণুমুক্ত করার ব্যবস্থা করতে হবে, এবং সেই পরিষ্কার করা এবং জীবাণুমুক্তকরণে কমপক্ষে সকল অধিক পরিবহনের এলাকা এবং বেশি স্পর্শ করা পৃষ্ঠতল (যেমন ভেন্ডিং মেশিন, রেলিং, বাথরুম, দরজার হাতল) অন্তর্ভুক্ত হতে হবে।

- কোনো ব্যক্তির COVID-19 আছে বলে সন্দেহ হলে অথবা নিশ্চিত হলে "আপনার ফেসিলিটি পরিষ্কার করা এবং জীবাণুমুক্ত করা"র (Cleaning and Disinfecting Your Facility) উপর CDC এর নির্দেশিকা নিম্নরূপ:
    - COVID-19 আছে বলে সন্দেহভাজন বা নিশ্চিত ব্যক্তির দ্বারা ব্যবহৃত এলাকাগুলি বন্ধ করা।
        - দায়বদ্ধ পক্ষগুলিকে তাদের কাজকর্ম বন্ধ করতে হবে না, যদি তারা ক্ষতিগ্রস্ত এলাকাগুলি বন্ধ করতে পারে।
    - এলাকায় বিমান বাতাস বাড়ানোর জন্য বাইরের দরজা ও জানালা খুলুন।
    - পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার আগে 24 ঘন্টা অপেক্ষা করুন। যদি 24 ঘন্টা সম্ভব না হয়, তাহলে যতদিন সম্ভব অপেক্ষা করুন।
    - COVID-19 আছে বলে সন্দেহভাজন বা নিশ্চিত ব্যক্তির দ্বারা ব্যবহৃত সকল এলাকা পরিষ্কার এবং জীবাণুমুক্ত করুন যেমন অফিস, বাথরুম, সাধারণ এলাকা, এবং শেয়ার করা সরঞ্জাম।
    - একবার এলাকাটি যথাযথভাবে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা হয়ে গেলে, এটি ব্যবহারের জন্য পুনরায় খোলা যেতে পারে।
        - COVID-19 আছে বলে সন্দেহ করা হয়েছে অথবা নিশ্চিত করা হয়েছে এমন ব্যক্তির সাথে ঘনিষ্ঠ বা নিকট যোগাযোগ নেই এমন কর্মীরা পরিষ্কার এবং জীবানুমুক্তকরণের পর পরই কর্মক্ষেত্রে ফিরে যেতে পারেন।
        - "ঘনিষ্ঠ বা নিকট" যোগাযোগ সম্পর্কে তথ্যের জন্য "COVID-19 সংক্রমণ বা এক্সপোজারের পর কাজে ফিরে আসা সরকারি ও বেসরকারি কর্মচারীদের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Public and Private Employees Returning to Work Following COVID-19 Infection or Exposure) দেখুন।
    - যদি সাত দিনের বেশী সময় অতিবাহিত হয় COVID-19 আছে বলে সন্দেহভাজন বা নিশ্চিত ব্যক্তি ফেসিলিটি পরিদর্শন করার পর বা ব্যবহার করার পর, তাহলে স্থানটিকে অতিরিক্ত পরিষ্কার করার এবং জীবানুমুক্ত করার প্রয়োজন নেই, কিন্তু নিয়মমাফিক পরিষ্কার এবং জীবানুমুক্ত করা অব্যাহত রাখা উচিত।

- ভাগ করে ব্যবহার করা বস্তুগুলোর ব্যাবহার সংক্রান্ত কর্মগুলির ক্ষেত্রে দায়বদ্ধ পক্ষগুলিকে বাধ্যতামূলকভাবে সেইসব বস্তু এবং স্থান অন্তত: দিনে একবার করে পরিষ্কার ও জীবাণুমুক্ত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে বাধ্যতামূলকভাবে প্রতি গ্রাহকের মাঝে ওয়ার্কস্টেশন এবং যন্ত্রাদি (যেমন, ব্রাশ, চেয়ার, হেডরেস্ট, কাটার যন্ত্রাদি) পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে বাধ্যতামূলকভাবে বন্টিত খাদ্য এবং পানীয় (যেমন, বুফে)-এর ব্যাবহার বন্ধ করতে হবে, কর্মীদের বাড়িথেকে খাবার আনার ক্ষেত্রে উৎসাহিত করতে হবে, সামাজিক দূরত্ব বজায় রেখে আহারের জন্য পর্যাপ্ত পরিসর বরাদ্দ করতে হবে।

C. পর্যায়ক্রমিকভাবে পুনরায় শুরু করা

- দায়বদ্ধ পক্ষগুলিকে পুনরায় খোলার ক্রিয়াকলাপ পর্যায়ক্রমিকভাবে করার জন্য উৎসাহিত করা হয় যাতে উৎপাদন বা কাজ স্বাভাবিক পর্যায়ে ফিরে আসার আগে পরিচালন সংক্রান্ত সমস্যার সমাধান করা সম্ভব হয়। দায়বদ্ধ পক্ষগুলির উচিত প্রথম পুনরায় খোলার সময় কর্মী, কাজের সময় এবং উপলব্ধ গ্রাহকের সংখ্যা সীমিত করার কথা বিবেচনা করা উচিত যাতে পরিবর্তনের সাথে মানিয়ে নেওয়ার ক্ষমতা প্রদান করা যায়।

D. যোগাযোগ পরিকল্পনা

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে তারা রাজ্যের জারি করা শিল্প নির্দেশিকা পর্যালোচনা করেছেন এবং বুঝতে পেরেছেন, এবং তারা তা বাস্তবায়ন করবেন।

- দায়বদ্ধ পক্ষগুলির কর্মচারী, বিক্রেতা এবং গ্রাহকদের জন্য একটি যোগাযোগ পরিকল্পনা তৈরি করা উচিত যা কর্মীদের তথ্য প্রদানের জন্য প্রযোজ্য নির্দেশনা, প্রশিক্ষণ, স্বাক্ষর, এবং একটি সঙ্গতিপূর্ণ উপায় অন্তর্ভুক্ত করে। দায়বদ্ধ পক্ষগুলি ওয়েব পেজ, টেক্সট এবং ইমেইল গ্রুপ এবং সোশাল মিডিয়া উন্নয়ন করার কথা বিবেচনা করতে পারেন।

- দায়বদ্ধ পক্ষগুলোর উচিত সাইনেজ ও মৌখিক যোগাযোগের মাধ্যমে গ্রাহকদের PPE- বিশেষত মুখাবরণের ব্যাবহারের ক্ষেত্রে সিডিসি এবং ডিওএইচ-এর নির্দেশিকা মেনে চলতে উৎসাহিত করা।

- দায়বদ্ধ পক্ষগুলোর উচিত কর্মী ও গ্রাহকদের সঠিক হাইজিন, সামাজিক দূরত্ব বজায় রাখার নিয়মাবলী, PPE-এর সঠিক ব্যবহার, এবং পরিষ্কার ও জীবাণুমুক্তকরনের সঠিক প্রোটকল স্মরণ করিয়ে দেওার জন্য হেয়ার সেলুন বা চুল কাটার দোকানের ভেতরে এবং বাইরে সাইনেজ লাগানো।

III. প্রক্রিয়াসমূহ

A. স্ক্রিনিং এবং পরীক্ষা

- দায়বদ্ধ পক্ষগুলিকে দৃঢ়ভাবে উৎসাহিত করা হচ্ছে যেন তারা সুনিশ্চিৎ করে যে গ্রাহককে সরাসরি পরিষেবা প্রদান (যেমন, চুল কাটা) করার আগে তাদের কর্মীদের ডায়াগনিস্টিক পরীক্ষার মাধ্যমে COVID-19 পরীক্ষা করে নেওয়া হয়েছে। কর্মীদের প্রতি 14 দিন অন্তর পরীক্ষা করা হবে, ততদিন পর্যন্ত যতদিন হেয়ার সেলুন/চুল কাটার দোকানটি যেই স্থানে অবস্থিত, সেটি রাজ্য খোলার দ্বিতীয় পর্যায়ের অন্তর্ভুক্ত রয়েছে। গ্রাহকদের দৃঢ়ভাবে উৎসাহিত করা হচ্ছে যেন তারা খোঁজ নেয় যে যেই কর্মীরা তাদের সরাসরি পরিষেবা প্রদান করছে, তাদের পরীক্ষা করা হয়েছে কিনা।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই তাদের কর্মীদের জন্য বাধ্যতামূলক দৈনিক স্বাস্থ্য স্ক্রিনিং এর অনুশীলন বাস্তবায়ন করতে হবে এবং যেখানে কার্যকর, দর্শনার্থীদের জন্যও, কিন্তু এই ধরনের স্ক্রীনিং গ্রাহক এবং ডেলিভারি কর্মীদের জন্য বাধ্যতামূলক করা হবে না।
    - স্ক্রীনিং অনুশীলন দূর থেকে সম্পন্ন করা যেতে পারে (যেমন টেলিফোন বা ইলেকট্রনিক জরিপের মাধ্যমে), কর্মী সাইটে রিপোর্ট করার আগে, যতদূর সম্ভব; অথবা সাইটেও তা করা যেতে পারে।
    - স্ক্রিনিং শেষ হওয়ার পূর্বে একে অপরের সাথে ঘনিষ্ঠ যোগাযোগে আসা থেকে কর্মীদের বিরত রাখার জন্য স্ক্রীনিং এর সমন্বয়সাধন করা উচিত।
    - অন্তত পক্ষে সব কর্মী এবং দর্শনার্থীদের স্ক্রিনিং করতে হবে এবং একটি প্রশ্নাবলী ব্যবহার করতে হবে যা নির্ধারণ করে যে কর্মী বা দর্শনার্থীর সাথে নিম্নোক্ত ঘটনাগুলি ঘটেছে কি না:

        (a) জেনেশুনে গত 14 দিনে ঘনিষ্ঠ বা নিকট সংস্পর্শে থেকেছেন এমন কারও সঙ্গে যিনি COVID-19 এর জন্য পরীক্ষায় পজিটিভ ফল লাভ করেছেন বা যার মধ্যে COVID-19 এর লক্ষণ রয়েছে।

        (b) গত 14 দিনে COVID-19 এর পরীক্ষায় ইতিবাচক ফল লাভ করেছেন; এবং/অথবা

        (c) গত 14 দিনে তার COVID-19 এর কোনও লক্ষণ দেখা দিয়েছে কি না।

- দায়বদ্ধ পক্ষগুলোকে তাদের গ্রাহকদের কাছ থেকে মৌখিক বা লিখিত ভাবে জেনে নিতে উৎসাহিত করা হচ্ছে যে তাদের গ্রাহকরা গত 14 দিনে পরীক্ষায় COVID-19 পসিটিভ এসেছে অথবা COVID-19-এর উপসর্গ আছে বা ছিল, গত 14 দিনের মধ্যে পরীক্ষায় COVID-19 পসিটিভ এসেসছে, এমন কারো সংস্পর্শে এসেছেন কিনা।

- COVID-19 এর সাথে সংশ্লিষ্ট উপসর্গ সম্পর্কে সর্বাধিক হালনাগাদকৃত তথ্যের জন্য "করোনাভাইরাসের লক্ষণ" (Symptoms of Coronavirus) সম্পর্কে CDC নির্দেশিকা দেখুন।

- দায়বদ্ধ পক্ষগুলির উচিত কর্মীদের জন্য এটি আবশ্যক করা যাতে, যদি এবং যখন উপরোক্ত কোন প্রশ্নের প্রতি তাদের উত্তরে পরিবর্তন হয় তারা যেন অবিলম্বে তা প্রকাশ করেন, যেমন যদি তারা উপসর্গ অনুভব করতে শুরু করেন, কাজের সময় বা তার পরে।

- মার্কিন যুক্তরাষ্ট্রের সমান কর্মসংস্থানের সুযোগের কমিশন (U.S. Equal Employment Opportunity Commission) বা স্বাস্থ্য বিভাগ (DOH) এর নীতিমালা অনুযায়ী স্ক্রিনিং প্রশ্নপত্রের সাথে দৈনিক তাপমাত্রা পরীক্ষা করাও হতে পারে। দায়বদ্ধ পক্ষগুলোকে কর্মীদের স্বাস্থ্য সংক্রান্ত তথ্যের রেকর্ড (উদাহরণস্বরূপ তাপমাত্রার তথ্য) রাখতে নিষিদ্ধ করা হয়েছে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে তাপমাত্রা পরীক্ষণ সহ অন্যান্য স্ক্রিনিং কার্যক্রম সম্পাদন করা কোনো কর্মী, হেয়ার স্যালন বা বার্বারশপে প্রবেশ করা সম্ভাব্য সংক্রামিত কর্মী অথবা দর্শনার্থী দ্বারা সংক্রমণ থেকে যথাযথ ভাবে সুরক্ষিত। যে কর্মীরা স্ক্রিনিং কার্যক্রম সম্পাদন করেন তাদের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC), স্বাস্থ্য বিভাগ (DOH) এবং পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) প্রোটোকলের সাথে পরিচিত কর্মকর্তা-চিহ্নিত ব্যক্তিদের দ্বারা প্রশিক্ষিত হওয়া উচিত।

- স্ক্রিনিং করা কর্মীদের জন্য কমপক্ষে একটি ফেস মাস্ক সহ ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) প্রদান করা উচিত এবং তাদের তা ব্যবহার করা উচিত, এবং তাতে গ্লাভস, একটি গাউন, এবং/অথবা একটি ফেস শিল্ড অন্তর্ভুক্ত হতে পারে।

- একজন কর্মী যাকে COVID-19 উপসর্গের জন্য ইতিবাচক হিসাবে স্ক্রিন করা হয়েছে তাকে প্রাঙ্গণে প্রবেশ করতে অনুমতি দেওয়া উচিত নয় এবং মূল্যায়ন এবং পরীক্ষার জন্য স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীর সাথে যোগাযোগ করার নির্দেশ দিয়ে বাড়িতে পাঠিয়ে দেওয়া উচিত। দায়বদ্ধ পক্ষগুলিকে COVID-19 পরীক্ষণে কোনো ইতিবাচক ফলাফল সম্পর্কে অবিলম্বে রাজ্য এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগকে জানাতে হবে। দায়বদ্ধ পক্ষগুলিকে স্বাস্থ্যসেবা ও পরীক্ষা করার সংস্থানগুলির সম্পর্কে তথ্য কর্মচারীদের সরবরাহ করতে হবে।

- COVID-19 এর সন্দেহজনক বা নিশ্চিত সংক্রমণের পর অথবা একজন কর্মচারীর সংক্রামিত ব্যক্তির সাথে ঘনিষ্ঠ যোগাযোগ বা সংস্পর্শে আসার পর কর্মক্ষেত্রে ফিরে আসতে চাওয়া কর্মীদের জন্য প্রোটোকল এবং নীতি সম্পর্কে দায়বদ্ধ পক্ষগুলোর স্বাস্থ্য বিভাগ (DOH) এর "COVID-19 সংক্রমণ বা সংক্রমণের সংস্পর্শে আসার পর কাজে ফিরে আসা সরকারি ও বেসরকারি কর্মচারীদের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Public and Private Employees Returning to Work Following COVID-19 Infection or Exposure) অনুসরণ করা উচিৎ।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই যোগাযোগের একটি কেন্দ্রীয় বিন্দু নির্ধারণ করতে হবে, যা কার্যকলাপ, অবস্থান, শিফট বা দিন দ্বারা পরিবর্তিত হতে পারে, যা সকল কর্মচারীর প্রশ্নপত্র গ্রহণ এবং যাচাই করার জন্য দায়ী, সেই ব্যক্তিকে এই ধরনের যোগাযোগ কর্মচারী এবং দর্শনার্থীদের জন্য পক্ষ হিসেবেও চিহ্নিত করা হয়েছে পরে তারা COVID-19 সম্পর্কিত উপসর্গ অনুভব করলে জানানোর জন্য, যেমন প্রশ্নাবলীতে উল্লিখিত আছে।

- দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই একজন সাইট নিরাপত্তা মনিটর মনোনীত করতে হবে যার দায়িত্বের মধ্যে রয়েছে অব্যাহতভাবে সাইটের নিরাপত্তা পরিকল্পনার সকল দিক মেনে চলা।

- যতটা সম্ভব, দায়বদ্ধ পক্ষগুলির উচিত সকল কর্মী ও দর্শনার্থী সহ প্রত্যেক ব্যক্তির একটি লগ বজায় রাখা, যাদের কাজের সাইট বা এলাকায় অন্যান্য ব্যক্তির সাথে ঘনিষ্ঠ যোগাযোগ হতে পারে; সেই সকল ডেলিভারি ছাড়া যা উপযুক্ত ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) এর সাথে বা কন্ট্যাক্টলেস মাধ্যম দ্বারা সঞ্চালিত হয়। লগে যোগাযোগের তথ্য থাকতে হবে, একজন কর্মী COVID-19 এ আক্রান্ত হলে যাতে সব পরিচিতি শনাক্ত করা যেতে পারে, খুঁজে পাওয়া যায় এবং তাকে জানানো যায়। দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই রাজ্য এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগের যোগাযোগ শনাক্তকরণ প্রচেষ্টার সাথে সহযোগিতা করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলি নাম এবং যোগাযোগের তথ্য সহ গ্রাহকদের একটি নথি তৈরি এবং রক্ষণাবেক্ষণ করবে যাতে প্রয়োজনে কন্ট্যাক্ট ট্রেসিং এর জন্য তাদের সাথে যোগাযোগ করা যেতে পারে। দায়বদ্ধ পক্ষগুলি এইধরনের নথিতে গ্রাহকদের নিজেদের নাম এবং যোগাযোগের তথ্য প্রদান করতে ভীষণভাবে উৎসাহিত করবে, কিন্তু তা করতে কোনোভাবেই বাধ্য করবে না, এবং তারা গ্রাহকের থেকে কোন পরিচয় প্রমান চাইবেনা, গ্রাহক সেইসব তথ্য প্রদান করতে না চাইলে তাদের পরিষেবা দিতে অস্বীকার করবে না।

B. শনাক্ত এবং খুঁজে বের করা

- দায়বদ্ধ পক্ষগুলিকে তাদের সাইটে কোনো কর্মচারীর COVID-19 পরীক্ষায় ইতিবাচক ফলাফল হয়েছে বলে জানতে পারলে অবশ্যই অবিলম্বে রাজ্য এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগকে সেই সম্পর্কে অবহিত করতে হবে।

- একজন কর্মী, দর্শনার্থী বা গ্রাহক যিনি ব্যবসার সাথে মিথস্ক্রিয়ায় জড়িত হয়েছেন, তার পরীক্ষায় ইতিবাচক ফলাফলের ক্ষেত্রে, দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই কর্মক্ষেত্রে সমস্ত যোগাযোগ শনাক্তকরণের জন্য রাজ্য এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগের সাথে সহায়তা করতে হবে, এবং যেখানে কর্মস্থান অবস্থিত সেখানের স্থানীয় স্বাস্থ্য বিভাগকে অবশ্যই প্রথম ব্যক্তির COVID-19 উপসর্গ দেখা দেওয়ার বা ইতিবাচক পরিক্ষণের 48 ঘন্টা আগে পর্যন্ত, যেটা আগে হয়, হেয়ার স্যালন অথবা বার্বারশপে প্রবেশ করা সকল দর্শনার্থী/গ্রাহক (যেমন প্রযোজ্য) এবং লগ করা সকল কর্মী সম্পর্কে জানাতে হবে, কিন্তু যুক্তরাষ্ট্রীয় এবং রাজ্যের আইন এবং নিয়মকানুন অনুযায়ী গোপনীয়তা বজায় রাখতে হবে।

- রাজ্য এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলি সংক্রামিত বা সংক্রমণের সংস্পর্শে আসা ব্যক্তিদের পর্যবেক্ষন এবং যাতায়াতের সীমাবদ্ধতা বাস্তবায়ন করবে, যার মধ্যে বাড়িতে আলাদা থাকা বা কোয়ারান্টাইন অন্তর্ভুক্ত।

- যে সকল ব্যক্তিকে সতর্ক করা হয়েছে যে তারা COVID-19 আক্রান্ত ব্যক্তির কাছাকাছি বা সংস্পর্শে এসেছেন, এবং যাদের শনাক্তকরণ, ট্র্যাকিং বা অন্যান্য পদ্ধতির মাধ্যমে সতর্ক করা হয়েছে, তাদের সতর্কবার্তা পাওয়ার সাথে সাথে তাদের নিয়োগকর্তার কাছে স্ব-প্রতিবেদন করতে হবে এবং উপরে বর্ণিত এবং উল্লিখিত প্রোটোকল অনুসরণ করতে হবে।

IV. নিয়োগকর্তার পরিকল্পনাসমূহ

দায়বদ্ধ পক্ষগুলিকে সহজেই চোখে পরে এমন স্থানে অবশ্যই সাইটে সম্পূর্ণ করা নিরাপত্তার পরিকল্পনা পোস্ট করতে হবে। COVID-19 বিস্তার থেকে রক্ষা করতে ব্যবসার মালিক এবং পরিচালকদের উন্নত পরিকল্পনা উন্নয়নে গাইড করার জন্য রাজ্য একটি ব্যবসা পুনরায় খোলার নিরাপত্তা পরিকল্পনার টেমপ্লেট উপলব্ধ করেছে।

অতিরিক্ত নিরাপত্তা তথ্য, নির্দেশিকা এবং সম্পদ পাওয়া যাবে এখানে:

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তরের নভেল করোনাভাইরাসের (COVID-19) ওয়েবসাইট (New York State Department of Health Novel Coronavirus (COVID-19) Website)
https://coronavirus.health.ny.gov/

মার্কিন যুক্তরাষ্ট্রের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ করোভাইরাস (COVID-19)
ওয়েবসাইটhttps://www.cdc.gov/coronavirus/2019-ncov/index.html

পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন COVID-19 ওয়েবসাইট
https://www.osha.gov/SLTC/covid-19/

নিচের লিঙ্কে, নিশ্চিত করুন যে আপনি এই নির্দেশিকা অনুযায়ী কাজ করার বাধ্যবাধকতা পড়েছেন এবং বুঝতে পারছেন:

https://forms.ny.gov/s3/ny-forward-affirmation